

💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ ঈমান

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (২৬) ঝাড়-ফুঁক করা কি আল্লাহর ওপর (তাওয়ারুল) ভরসা করার পরিপন্থী?

উত্তর: তাওয়াক্কুল অর্থ হলো কল্যাণ অর্জন এবং অকল্যাণ প্রতিহত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সাথে সাথে আল্লাহর ওপর পূর্ণ আস্থা রাখা এবং তাঁর ওপর নির্ভর করা। চেষ্টা করা বাদ দিয়ে আল্লাহর ওপর ভরসা করে বসে থাকার নাম তাওয়াক্কুল নয়।

যদি প্রশ্ন করা হয়, মানুষের মাঝে সব চেয়ে বেশি আল্লাহর ওপর ভরসাকারী কে? তবে উত্তর হবে রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম। তিনি কি ক্ষতি ও অকল্যাণ দূর করার জন্য প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন করতেন না? উত্তর হলো হ্যাঁ অবশ্যই করতেন। তিনি যখন যুদ্ধে বের হতেন, তখন তীর-তরবারীর আঘাত হতে আত্মরক্ষার জন্য যুদ্ধের পোষাক পরিধান করতেন। উহুদ যুদ্ধের দিন তিনি দু'টি লোহার বর্ম পরে বের হয়েছেন। সম্ভাব্য বিপদাপদ হতে বাঁচার জন্য প্রস্তুতি স্বরূপ এ ব্যবস্থা অবলম্বন করেছেন। সুতরাং সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা আল্লাহর ওপর ভরসা করার পরিপন্থী নয়। -ফুঁক করা বা অন্যান্য অসুস্থ ভাইদের ঝাড়-ফুঁক করা তাওয়াক্কুলের[1] পরিপন্থী নয়। হাদীসে প্রমাণিত আছে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূরা আ-ফালাক ও নাস পড়ে নিজের উপর এবং সাহাবীগণের উপর ফুঁক দিতেন।

ফুটনোট

[1] আল্লাহর ওপর ভরসা করাকে তাওয়াকুল বলা হয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=558

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন